**শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল)**
বিষয় : ইতিহাস
শ্রেণি : নবম

## শিল্পবিপ্লব, উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদ

আমার প্রিয় ছাত্র-ছাত্রীরা, এসো এই অধ্যায়টা আমরা একটু বুঝে নিই।

আধুনিক বিশ্ব তথা ইউরোপের অন্যতম তিন ঘটনা হল শিল্পবিপ্লব, উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদ। পঁজিবাদের সুবাদে প্রথমে ইংল্যান্ডে ও পরে ইউরোপের অন্যান্য দেশে শিল্পবিপ্লবের সূচনা ঘটে। শিল্পবিপ্লব জন্ম দেয় উপনিবেশবাদের এবং উপনিবেশবাদ রূপান্তরিত হয় সাম্রাজ্যবাদে। আর এই সাম্রাজ্যবাদের ফলশ্রুতিতে সৃষ্টি হয় প্রথম বিশ্বযুদ্ধের।

### : শিল্পবিপ্লব :

- শিল্পবিপ্লব শব্দটি প্রথম প্রয়োগ করেন ফ্রেডারিক এঙ্গেলস ও জনপ্রিয় করেন আর্নল্ড টয়েনবি।
- শিল্পবিপ্লব সর্বপ্রথম ইংল্যান্ডে বস্ত্র শিল্পের ক্ষেত্রে দেখা যায়।
- শিল্পবিপ্লবের সময়কালেকে দুটি স্তরে ভাগ করা যায়, প্রাথমিক স্তর (১৭৭০-১৮৪০ খ্রিঃ) ও অন্তিম স্তর (১৮৪০-১৯১৪ খ্রিঃ)।
- শিল্পবিপ্লবকালে দরিদ্র শ্রমিক শ্রেণির বসবাসের ছোট শহুরে অঞ্চলকে ‘ঘেটো’ বলা হত।
- ফ্যাক্টরি প্রথার উদ্ভবের ফলে শিল্প ক্ষেত্রে শ্রমবিভাজন নীতি চালু হয়।
- লুই ফিলিপের আমলে ফ্রান্সে প্রকৃতপক্ষে শিল্পবিপ্লবের সূচনা ঘটে।
- প্রাশিয়া জোলভেরাইন নামক শুল্ক সংঘ প্রতিষ্ঠায় নেতৃত্ব দিয়েছিল।
- ফ্রান্সে জাতীয় কর্মশালা প্রতিষ্ঠিত হয়।

### শিল্পবিপ্লবকালে আবিষ্কৃত বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি

উড়ন্ত মাকু - জন কে (১৭৩৩ খ্রিঃ)
ব্লাস্ট ফারনেস - জন স্মিটন (১৭৬০ খ্রিঃ)
স্পিনিং জেনি - হারগ্রিভস (১৭৬৪ খ্রিঃ)
ওয়াটার ফ্রেম - রিচার্ড আর্করাইট (১৭৬৯ খ্রিঃ)
স্পিনিং মিউল - ক্রম্পটন (১৭৭৯ খ্রিঃ)
বাষ্পীয় ইঞ্জিন - জেমস ওয়াট (১৭৮১ খ্রিঃ)
পাওয়ার লুম - কার্টরাইট (১৭৮৫ খ্রিঃ)
সেফটি ল্যাম্প - হামফ্রে ডেভি (১৮১৫ খ্রিঃ)

### প্রাসঙ্গিক কিছু গ্রন্থ

‘দাস ক্যাপিটাল’ - কার্ল মার্কস
‘ডেভিড কপারফিল্ড’ - চার্লস ডিকেন্স
‘অলিভার টুইস্ট’ - চার্লস ডিকেন্স
‘দ্য মাদার’ - ম্যাক্সিম গোর্কি
‘নিউ ভিউ অব সোসাইটি’ - রবার্ট ওয়েন
‘সম্পত্তি কী’ - প্রুডো
‘সিভিল ওয়ার ইন ফ্রান্স’ - কার্ল মার্কস
‘রুটি এবং স্বাধীনতা’ - ক্রোপোট্‌কিন
‘নৈবেদ্য’ - রবীন্দ্রনাথ ঠাকুর

## : শিল্পসমাজের সমালোচনা :

- 'Utopian' শব্দটি এসেছে ষোড়শ শতকের প্রথমার্ধে লেখা টমাস মোরের 'Utopia' থেকে।
- কার্ল মার্কসের পূর্ববর্তী সমাজবাদী ভাবনা ইউটোপীয় অর্থাৎ অবাস্তব বা কাল্পনিক সমাজবাদ নামে পরিচিত।
- টমাস মোর, সাঁ সিমোঁ (‘আদি গুরু’), শার্ল ফুরিয়ের, রবার্ট ওয়েন প্রমুখ কাল্পনিক সমাজতন্ত্রবাদী নামে পরিচিত।
- সমাজবাদের বিপরীতধর্মী মতবাদ হল নৈরাজ্যবাদ।
- পিয়ের জোসেফ, প্রুডো (‘নৈরাজ্যবাদের জনক’), বাকুনিন প্রমুখ ছিলেন নৈরাজ্যবাদের প্রবক্তা।
- কার্ল মার্কস ও ফ্রেডারিক এঙ্গেলসের লেখা ‘কমিউনিস্ট ইস্তেহার’ (১৮৪৮ খ্রিঃ) গ্রন্থটিকে ‘সমাজতন্ত্রবাদের বাইবেল’ বলা হয়।

## : যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন :

- টমাস টেলফোর্ড ও জন ম্যাকাডাম পিচের রাস্তা তৈরীর কৌশল আবিষ্কার করেন।
- ১৮২৫ খ্রিঃ ইংল্যান্ডে ও ১৮২৭ খ্রিঃ ফ্রান্সে রেলপথের সূচনা ঘটে।
- ১৮৪৩-৪৪ খ্রিঃ ব্রিটেনে ‘রেলপথ উন্মাদনা’ হিসাবে চিহ্নিত।
- ১৮৫৯-৬৯ খ্রিঃ মিশরে সুয়েজ খাল খনন করা হয়।
- মিশরের রাষ্ট্রপতি আবদেল গামাল নাসের সুয়েজ খাল কে জাতীয়করণ করেন ১৯৫৬ খ্রিঃ।
- স্যামুয়েল এফ বি মোর্স টেলিগ্রাফ আবিষ্কার করেন।
- ১৮৬৬ খ্রিঃ আটলান্টিক কেব্‌ল পাতা হলে ব্রিটেন ও আমেরিকার মধ্যে যোগাযোগ গড়ে ওঠে।
- ১৮৭০ খ্রিঃ লোহিত সাগরের মধ্য দিয়ে ভারত ও ইংল্যান্ডের মধ্যে টেলিগ্রাফ ব্যবস্থা গড়ে ওঠে।

## : চিন ও আফ্রিকা ব্যবচ্ছেদ :

- ষোড়শ শতকে সর্বপ্রথম পোর্তুগিজ বণিকরা দক্ষিণের ম্যাকাও বন্দর দিয়ে চিনে প্রবেশ করে।
- চিনে আফিমের বাণিজ্যকে কেন্দ্র করে চিনের সাথে ইংরেজদের প্রথম আফিমের যুদ্ধ সংঘটিত হয় (১৮৩৯-৪২ খ্রিঃ)।
- প্রথম আফিমের যুদ্ধে পরাজিত হওয়ায় চিন ইংল্যান্ডের সাথে নানকিং এর চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয়।
- ব্রিটেন ও ফ্রান্সের সাথে সংঘটিত দ্বিতীয় আফিমের যুদ্ধে (১৮৫৬-৫৮ খ্রিঃ) চীন পরাজিত হওয়ায় তিয়েনসিন এর চুক্তি (১৮৫৮ খ্রিঃ) স্বাক্ষর করতে বাধ্য হয়।
- চিন-জাপান যুদ্ধে জাপান চিনকে পরাজিত করে সিমনোসেকির চুক্তি (১৮৯৫ ক্রিঃ ) স্বাক্ষর করতে বাধ্য করে।
- চিনের বিভিন্ন অংশে ইউরোপীয় শক্তি গুলির আধিপত্য প্রতিষ্ঠিত হলে মার্কিন বাণিজ্য ক্ষতিগ্রস্ত হবে এই আশঙ্কায় মার্কিন পররাষ্ট্র সচিব স্যার জন হে ১৮৯৯ খ্রিঃ ‘উন্মুক্ত দ্বার নীতি’ ঘোষনা করেন।
- উনবিংশ শতকের মধ্যভাগ পর্যন্ত ইউরোপের কাছে আফ্রিকা ছিল 'অন্ধকারময় মহাদেশ'।
- আফ্রিকায় উপনিবেশ বিস্তারের ক্ষেত্রে বেলজিয়ামের রাজা দ্বিতীয় লিওপোল্ড অগ্রনী ভূমিকা গ্রহণ করেন।
- ১৮৭৬ খ্রিঃ রাজা দ্বিতীয় লিওপোল্ড কঙ্গো উপত্যকার উন্নয়নের জন্য ব্রাসেলস শহরে ইউরোপীয় রাষ্ট্রগুলির এক আন্তর্জাতিক সম্মেলন আহ্বান করেন।
- পোর্তুগাল উপনিবেশ অ্যাঙ্গোলার নাম রাখে পোর্তুগিজ পশ্চিম আফ্রিকা ও মোজাম্বিকের নাম রাখে পোর্তুগিজ পূর্ব আফ্রিকা।
- ১৮৯৫ খ্রিঃ মধ্যে আফ্রিকার ৯/১০ অংশ ইউরোপীয় উপনিবেশে পরিনত হয়।

## : সাম্রাজ্যবাদী শক্তির সংঘাত :

- ১৮১৩ খ্রিঃ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির একচেটিয়া বাণিজ্যের অধিকার লুপ্ত হয়।
- ১৮২৮-২৯ খ্রিঃ রুশ-তুরস্ক যুদ্ধ সংঘটিত হয়।
- ১৮৭৩ খ্রিঃ জার্মানি, অস্ট্রিয়া ও রাশিয়ার মধ্যে তিন সম্রাটের চুক্তি (ড্রেইকাইজার বুন্ড) গড়ে ওঠে।
- ১৮৮২ খ্রিঃ জার্মানি, অস্ট্রিয়া ও ইতালির মধ্যে ত্রিশক্তি চুক্তি গড়ে ওঠে।
- ১৯০৭ খ্রিঃ ইংল্যান্ড, ফ্রান্স ও রাশিয়ার মধ্যে ত্রিশক্তি আঁতাত গড়ে ওঠে।
- ১৯০৪ খ্রিঃ ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যে স্বাক্ষরিত হওয়া চুক্তি আঁতাত কোর্দিয়াল নামে পরিচিত

## HOME ASSIGNMENT

### অতিসংক্ষিপ্ত প্রশ্ন : ( প্রতিটি প্রশ্নের মান ১)

- কোন্ দেশে সর্বপ্রথম সংঘটিত হয় ?
- ‘উড়ন্ত মাকু’ যন্ত্রটি কে আবিষ্কার করেন ?
- কে লোহা গলাবার পদ্ধতি আবিষ্কার করেন ?
- কার আমলে ফ্রান্সে প্রকৃত শিল্প বিপ্লবের সূচনা হয় ?
- কোন্ দেশ জোলভেরাইন প্রতিষ্ঠায় নেতৃত্ব দিয়েছিল ?
- ‘কঙ্গো ফ্রি স্টেট’ কোন্ দেশ গঠন করে ?
- 'অর্গানাইজেশন অব লেবার' গ্রন্থটি কার লেখা ?
- ‘ব্রিটিশ সামজতন্ত্রবাদের জনক’ কে ?
- দুইজন কল্পনাশ্রয়ী সমাজতন্ত্রীর নাম লেখ।
- ‘সর্বহারার একনায়কতন্ত্র’ প্রতিষ্ঠার কথা কে বলেছেন ?
- জার্মানিতে  কোথায় প্রথম রেলপথ স্থাপিত হয় ?
- কোন্ সন্ধির দ্বারা প্রথম অহিফেন যুদ্ধের অবসান ঘটে ?
- দ্বিতীয় অহিফেন যুদ্ধে চিনের প্রতিপক্ষ কারা ছিল ?
- কাকে ‘অন্ধকারাচ্ছন্ন মহাদেশ’ বলা হয় ?
- কোন্ ঘটনাকে কেন্দ্র করে প্রথম বিশ্বযুদ্ধের সূচনা হয় ?

### উত্তর সংকেত

(প্রয়োজনীয় উত্তরগুলি খুঁজে দেখো)

- জন কে
- জন স্মিটন
- লুই ফিলিপের
- ইংল্যান্ড ও ফ্রান্স
- বেলজিয়াম
- ইংল্যান্ডে
- লুই ব্ল্যাঙ্ক
- রবার্ট ওয়েন
- কার্ল মার্কস
- সেরাজেভোর হত্যাকান্ড
- আফ্রিকাকে
- ব্যাভেরিয়ায়
- রবার্ট ওয়েন, সাঁ সিমোঁ
- নানকিং এর সন্ধি
- প্রাশিয়া

## প্রতিটি প্রশ্নের মান ২

**১. শিল্প বিপ্লব বলতে কী বোঝ ?**

বিপ্লব কথার অর্থ আমূল পরিবর্তন। ঐতিহাসিক ফিলিস ডিন, আর্নল্ড টয়েনবি প্রমূখের মতে, ১৭৫০ -১৭৮০ খ্রিঃ মধ্যবর্তী সময়কালে ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সুচনা হয়।

এই সময় রাজনৈতিক, অর্থনৈতিক ও বৈজ্ঞানিক (বিভিন্ন যন্ত্রপাতি আবিষ্কার) আনুকুল্যে ইংল্যান্ডে কুটীর শিল্পে দৈহিক শ্রমের পরিবর্তে উন্নত যন্ত্রপাতি ব্যবহার করে খুব কম সময়ে বিপুল পরিমাণ উন্নত গুনমান সম্পন্ন পণ্য উৎপাদিত হতে থাকে। ফলে পরিবহণ ব্যবস্থা, উৎপাদন ব্যবস্থা ও মানুষের জীবনযাত্রার আমূল পরিবর্তন ঘটে। যা শিল্প বিপ্লব নামে পরিচিত।

২. ফ্যাক্টরি প্রথা কী ?
৩. ঘেটো কী ?
৪. কল্পনাশ্রয়ী সমাজতন্ত্রী কাদের বলা হয় এবং কেন ?
৫. প্যারি কমিউন কী ?
৬. শিল্পবিপ্লবের যুগে নারীদের অবস্থা কেমন ছিল ?
৭. ভারতবর্ষকে 'ব্রিটিশ সাম্রাজ্যের রত্ন' বলা হত কেন ?
৮. 'চীনা তরমুজের খন্ডীকরণ' বলতে কী বোঝ ?
৯. কে কবে কী উদ্দেশ্যে 'উন্মুক্তদ্বার নীতি' ঘোষণা করেন ?
১০. ত্রি-শক্তি মৈত্রী ও ত্রি-শক্তি আঁতাত বলতে কী বোঝ ?

## প্রতিটি প্রশ্নের মান ৪

**১. চীন ব্যবচ্ছেদ সম্পর্কে আলোচনা কর।**

ষোড়শ শতকে সর্বপ্রথম পোর্তুগিজ বণিকরা দক্ষিণের ম্যাকাও বন্দর দিয়ে চিনে প্রবেশ করে। তাদের অনুসরণ করে একে একে ইংল্যান্ড, স্পেন, ফ্রান্স, জার্মানি, রাশিয়া প্রভৃতি রাষ্ট্রগুলি চিনে প্রবেশ করে বাণিজ্যিক অধিকার লাভ করে।

**নানকিং এর চুক্তি** - চিনে আফিমের বাণিজ্যকে কেন্দ্র করে চিনের সাথে ইংরেজদের প্রথম আফিমের যুদ্ধ সংঘটিত হয় (১৮৩৯-৪২ খ্রিঃ)। এই যুদ্ধে পরাজিত হওয়ায় চিন নানকিং এর চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হয়। এই চুক্তির শর্ত অনুসারে -
(ক) চিনের পাঁচটি বন্দর ইউরোপীয় বণিকদের ব্যবসা-বাণিজ্যের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়।
(খ) হংকং বন্দরের উপর ইংরেজদের অধিকার স্থাপিত হয়।
(গ) চিন ইংল্যান্ডকে যুদ্ধের জন্য ক্ষতিপূরণ দিতে বাধ্য হয়।

**তিয়েনসিন এর চুক্তি** - ব্রিটেন ও ফ্রান্সের সাথে সংঘটিত দ্বিতীয় আফিমের যুদ্ধে (১৮৫৬-৫৮ খ্রিঃ) চীন পরাজিত হওয়ায় তিয়েনসিন এর চুক্তি (১৮৫৮ খ্রিঃ) স্বাক্ষর করতে বাধ্য হয়। এই চুক্তির দ্বারা
(ক) বিদেশি বণিকদের জন্য চিনের আরো ১১ টি বন্দর উন্মুক্ত করা হয়।
(খ) বিদেশিরা চিনে অবাধ ভ্রমণ ও খ্রিস্টান ধর্ম প্রচারকরা চিনে ধর্ম প্রচারের অধিকার পায়।

**সিমনোসেকির চুক্তি** - চিন-জাপান যুদ্ধে জাপান চিনকে পরাজিত করে সিমনোসেকির চুক্তি (১৮৯৫ খ্রিঃ ) স্বাক্ষর করতে বাধ্য করে। এই চুক্তির দ্বারা জাপান চিনের মাঞ্চুরিয়া প্রদেশের লিয়াও টুং, ফরমোজা, পেসকাডোর দ্বীপপুঞ্জ, পোর্ট আর্থার বন্দর দখল করে নেয়।

**চিনা তরমুজের খন্ডীকরণ** - উনবিংশ শতাব্দীতে এই ভাবে ইউরোপীয় শক্তি গুলি চিনের বিভিন্ন অংশে নিজ নিজ প্রভাবধীন অঞ্চল প্রতিষ্ঠা করে নিজ রাষ্ট্রের কর্তৃত্ব প্রতিষ্ঠায় উদ্যোগী হয়। ঐতিহাসিক হ্যারল্ড ভিনাক এই অবস্থাকে চিনা তরমুজের খন্ডীকরণ বলে অভিহিত করেন।

**উন্মুক্ত দ্বার নীতি** - চিনের বিভিন্ন অংশে ইউরোপীয় শক্তি গুলির আধিপত্য প্রতিষ্ঠিত হলে মার্কিন বাণিজ্য ক্ষতিগ্রস্ত হবে এই আশঙ্কায় মার্কিন পররাষ্ট্র সচিব স্যার জন হে ১৮৯৯ খ্রিঃ এক ঘোষণা জারি করেন, যা উন্মুক্ত দ্বার নীতি নামে পরিচিত। এই ঘোষনায় বলা হয় -

(ক) চিনে সমস্ত বিদেশি রাষ্ট্র সমান বাণিজ্যিক সুবিধা পাবে।
(খ) সমস্ত রাষ্ট্র সমান হারে চিনকে বাণিজ্যিক শুল্ক দেবে।
(গ) চিনের রাষ্ট্রীয় অখন্ডতা বাজায় থাকবে।

এই ভাবে বাণিজ্যিক অধিকারকে কেন্দ্র করে উনবিংশ শতাব্দীতে চিনে সংঘটিত ঘটনাবলি বিশ্বরাজনীতিতে এক নতুন মাত্রা যোগ করে।

২. আফ্রিকা ব্যবচ্ছেদ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
৩. টীকা লেখো - সেরাজেভোর হত্যাকান্ড।

**প্রতিটি প্রশ্নের মান ৮**

(নিম্নলিখিত পয়েন্ট গুলির সাহায্য নিতে পারো)

১. ইংল্যান্ড কেন প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয় ?
২. শিল্প বিপ্লবের ফলাফল গুলি আলোচনা কর।

রাজনৈতিক ক্ষেত্রে প্রভাব : (১. ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা, ২. সাম্যবাদের উদ্ভব, ৩. ট্রেড ইউনিয়ন আন্দোলনের সৃষ্টি, ৪. আন্তর্জাতিকতাবাদের উন্মেষ)

সামাজিক ক্ষেত্রে প্রভাব : (৫. নতুন শিল্প নগরী প্রতিষ্ঠা, ৬. শোষক ও শোষিত শ্রেণির উদ্ভব, ৭. শ্রেণি বৈষম্যের প্রকটতা, ৮. শিল্প-বাণিজ্য ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা)

অর্থনৈতিক ক্ষেত্রে প্রভাব : (৯. শিল্প ভিত্তিক অর্থনীতি, ১০. অর্থনৈতিক সাম্রাজ্যবাদের সূচনা, ১১. শ্রম বিভাজন নীতি, ১২. শিল্প কেন্দ্রিক মূলধন)

৩. প্রথম বিশ্বযুদ্ধের কারণ গুলি আলোচনা করো।

(১) অতৃপ্ত জাতীয়তাবাদ, (২) উগ্র জাতীয়তাবাদ, (৩) ঔপনিবেশিক প্রতিদ্বন্দ্বিতা, (৪) দুটি শক্তি জোটের উদ্ভব, (৫) সামরিক প্রস্তুতি, (৬) সংবাদপত্রের ভূমিকা, (৭) কাইজার দ্বিতীয় উইলিয়ামের ভূমিকা, (৮) আন্তর্জাতিক সংকট, প্রত্যক্ষ কারন : সেরাজেভোর হত্যাকান্ড

*** [অধ্যায়টি বুঝতে কোনো অসুবিধা হলে comment box করে নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও ফোন নম্বরসহ লিখে পাঠাও। বিদ্যালয়ের পক্ষ থেকে ফোনের মাধ্যমে সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করা হবে।]